
তারিখ 2 0 JUN 1986
পৃষ্ঠা 1 কলাম 2

দৈনিক সংবাদ



গতকাল থেকে সারাদেশে উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছে। ছবিটি রাজধানীর হাবিবুল্লাহ বাহার কলেজ কেন্দ্রের। --সংবাদ

## এইচএসসি পরীক্ষা শুরু হয়েছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

চারটি শিক্ষা বোর্ডের অধীনে গতকাল বৃহস্পতিবার থেকে সারাদেশে এ বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছে। দেশের কোথাও বড় ধরনের কোন গোলমাল না হলেও অসদুপায় অবলম্বনের দায়ে মোট ৮১জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে বলে রাত ১০টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত খবর পাওয়া গেছে।

বহিষ্কৃতদের মধ্যে যশোর বোর্ডের পরীক্ষার্থীদের সংখ্যা সর্বাধিক। এ বোর্ডে বহিষ্কৃতের সংখ্যা ৬০। রাজশাহী বোর্ডের বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ৮। বাকী ১৩জন ঢাকা বোর্ডের। তাদের মধ্যে তিতুমীর কলেজ কেন্দ্র থেকে ২জন এবং তেজগাঁও কলেজ ও মীরপুর বাংলা কলেজ থেকে ১জন করে এবং মুন্সীগঞ্জের ২টি কেন্দ্র থেকে ৯জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। যশোর বোর্ডের বহিষ্কৃত পরীক্ষার্থীদের মধ্যে কুষ্টিয়ার ৮টি কেন্দ্রে ৪৭ জন, খুলনার ২টি কেন্দ্রের ৭জন এবং যশোরের ২টি কেন্দ্রের ৬ জন পরীক্ষার্থী রয়েছে। পরীক্ষার প্রথম দিনে গতকাল বাংলা ১ম ও ২য় পত্রের

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## গণটোকাটুকির প্রতিবাদে—

যশোর, ১৯শে জুন (জেলা বার্তা পরিবেশকের ফোন)।— এ বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রথমদিনে আজ অনুষ্ঠিত বাংলা পরীক্ষা চলাকালে যশোর সিটি কলেজ কেন্দ্রে ব্যাপক গণটোকাটুকির প্রতিবাদে কর্মরত হল পরিদর্শকেরা তাদের কাজ থেকে বিরত থাকেন। তারা কেবলমাত্র নির্ধারিত সময়ে খাতা দেন এবং পরীক্ষাশেষে ফিরিয়ে নেন।

আনুমানিক ৬ হাজার ছাত্র-যুবক, কিশোর ও অভিভাবক নকল সরবরাহের কাজে লিপ্ত ছিল বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন। তাদের অনেকে পরীক্ষার্থীদের বদলে নিজেরাই পরীক্ষা দিয়েছেন। এ ব্যাপারে প্রশাসনিক সহযোগিতার জন্য কেন্দ্র থেকে বারবার অনুরোধ জানানো সত্ত্বেও কোন সহযোগিতা পাওয়া যায়নি বলে অভিযোগ পাওয়া গেছে। পরীক্ষা চলাকালে গোটা কেন্দ্রই বহিরাগতদের দখলে ছিল, হল পরিদর্শকরা ছিলেন অসহায়। এই কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ১৩শ' অথচ তাদের বিপরীতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মাত্র ৬ জন সদস্য ছিল।

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## বরিশালে পরীক্ষা কেন্দ্রে গুলী

বরিশাল, ১৯শে জুন (নিজস্ব সংবাদদাতার ফোন)।—এইচ এসসি পরীক্ষার প্রথম দিনে বাকরগঞ্জ উপজেলা পুলিশ আজ উত্তেজিত ছাত্র জনতাকে দমন করার জন্য ২৫ রাউণ্ড ফাঁকা গুলী করেছে। পুলিশ একজন অধ্যাপকসহ ১৪ জনকে গ্রেফতার করেছে। ৫০ জন ছাত্র এ ঘটনায় আহত হয়েছে। বাকরগঞ্জ কলেজ কেন্দ্রে বাংলা

(শেষ পৃ:৮-এর ক: দ্র:)

তারিখ 2 0. JUN 1986
পৃষ্ঠা 7 কলাম 6

### পরীক্ষা কেন্দ্রে গুলী

(১ম পাতার পর)

প্রথম পত্র পরীক্ষার সময় স্থানীয় প্রশাসনিক কর্মকর্তাগণ একজন ছাত্রকে বহিষ্কার করায় ছাত্র-জনতার মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়।

বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা চলাকালে বরিশাল থেকে জেলা প্রশাসক বাকরগঞ্জ যান। তাঁর নির্দেশে ৬ জন বহিরাগতকে গ্রেফতার করা হয়।

জেলা পুলিশ সুপার ১২রাউণ্ড ফাঁকা গুলী বর্ষণ, ছাত্র গ্রেফতারের কথা স্বীকার করে জানান, উচ্ছৃঙ্খল জনতার আক্রমণে বাকরগঞ্জ থানার ওসিসহ ১২ জন পুলিশ আহত হয়েছে। ঘটনার প্রতিবাদে শুক্র ও শনিবার ছাত্র সংগ্রাম পরিষদ বাকরগঞ্জে ২ দিন পূর্ণদিবস হরতাল পালনের আহ্বান জানিয়েছে।

বরিশাল জেলা কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি প্রশাসনের হটকারী কার্যকলাপের নিন্দা করে আটককৃতদের মুক্তি এবং বিচার বিভাগীয় তদন্ত দাবী করেছেন।

### এইচএসসি পরীক্ষা শুরু

(১ম পাতার পর)

পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

রাজধানীর বিভিন্ন কেন্দ্রে মোট ২২ হাজার ৮শ'৪৮জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে। বাসস জানিয়েছে, শিক্ষা ও স্বাস্থ্যমন্ত্রী অধ্যাপক এম, এ মতিন গতকাল তিতুমীর কলেজ, সিটি কলেজ ও ইডেন গার্লস কলেজ কেন্দ্র পরিদর্শন করেন। শিক্ষা উপমন্ত্রী জিয়াউদ্দিন আহমেদ বাবলু এবং ঢাকা বোর্ডের চেয়ারম্যান এ সময় তাঁর সাথে ছিলেন।

#### কুষ্টিয়া

কুষ্টিয়া থেকে জেলা বার্তা পরিবেশকের ফোন: আজ এখানে অনুষ্ঠেয় এইচএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে মোট ৪৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এরমধ্যে খালমথুরাপুর কলেজের ১২ জন, আমলা কলেজের ৩১জন, কুষ্টিয়া ইসলামিয়া কলেজের ৩ জন ও কুষ্টিয়া সরকারী গার্লস কলেজের ১ জন পরীক্ষার্থী রয়েছে।

#### চট্টগ্রামে সংঘর্ষ

চট্টগ্রাম থেকে নিজস্ব বার্তা পরিবেশক জানান, এইচ,এস,সি পরীক্ষার প্রথম দিনে আজ বৃহস্পতিবার সাতকানিয়া কলেজ কেন্দ্রে নকল সরবরাহকে কেন্দ্র করে ছাত্র ও পুলিশের মধ্যে আধ ঘন্টার সংঘর্ষে ১৫জন ছাত্র আহত হয়। পুলিশ লাঠিচার্জ করে ও ছাত্ররা ইটপাটকেল ছোড়ে। পুলিশ ২জন পরীক্ষার্থীকে আটক করেছে।

এই কেন্দ্র থেকে ২৬জনকে বহিষ্কার করা হয়।

### গণটোকাটুকি

(১ম পাতার পর)

এদিকে আজ বিকেলে যশোর সিটি কলেজ শিক্ষক নির্বাহী পরিষদ এক সভায় মিলিত হয়ে সিদ্ধান্ত নিয়েছেন যে, পরিস্থিতির উন্নতির জন্য প্রশাসনিক সহযোগিতা না পেলে আগামী ২২ তারিখে অনুষ্ঠেয় ইংরেজী পরীক্ষা তারা নেবেন না। উল্লেখ্য, এই পরীক্ষা কেন্দ্রের ২শ' গজের মধ্যে বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ করে ১৪৪ ধারা জারি করা হয়েছিল।